



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২২ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৮.২৩.৬০২৩

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ

সূত্র: নং- বামাশিবো/প্রশা/৩৩০২৩১০০৫৬৩১/৮১৮৬৪/নথি নং -০১, তারিখ: ০৫/০২/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন পশ্চিম শ্যামপুর বিরাঙ্গল মোহাম্মদিয়া আলিম মাদ্রাসার (ইআইআইএন নম্বর: ১০০৫৬৩) অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্রাদির আলোকে গভার্ণিং বডি সূত্রোক্ত স্মারকে বোর্ড কর্তৃক অনুমোদন দেয়া হয়। গভার্ণিং বডি গঠনে অনিয়ম হয়েছে মর্মে জনাব মোঃ শামীম হাওলাদার একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ এবং অভিযোগের সাথে সংযুক্ত কাগজ পত্রাদি পর্যালোচনায় দেখা যায়, অভিযোগে ০২টি বিষয় উল্লেখ আছে:

১। সভাপতি সংক্রান্ত অভিযোগ:


স্থানীয় সংসদ সদস্য মহোদয় অভিযোগকারী (মোঃ শামীম হাওলাদার)-কে সুপারিশ করলেও অন্য একজনকে সভাপতি দেয়া হয়েছে মর্মে অভিযোগে উল্লেখ করা হয়েছে। নথি পর্যালোচনায় দেখা যায়, অভিযোগকারী (মোঃ শামীম হাওলাদার)-কে সভাপতি মনোনয়নের জন্য গত ২০ আগস্ট ২০২৩খ্রি. তারিখে তৎকালীন স্থানীয় সংসদ সদস্য মহোদয় ডিও লেটার প্রদান করেন। স্থানীয় সংসদ সদস্য মহোদয় গত ০১ নভেম্বর ২০২৩খ্রি. তারিখে জনাব খলিফা মোঃ আল মামুন-কে সভাপতি মনোনয়নের জন্য আরেকটি ডিও লেটার প্রদান করেন। সংসদ সদস্য কর্তৃক প্রেরিত সর্বশেষ ডিও লেটারের আলোকে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রস্তুতকৃত তালিকার ০১নং ক্রমিকের ব্যক্তি জনাব খলিফা মোঃ আল মামুন-কে সভাপতি মনোনয়নসহ দাখিলকৃত গভার্ণিং বডি অনুমোদন দেয়া হয়।

০২। গভার্ণিং বডির সদস্য সংক্রান্ত অভিযোগ:

অভিভাবক সদস্য হিসেবে জনাব নজরুল ইসলাম এবং শিক্ষক প্রতিনিধি হিসেবে জনাব নুরুল ইসলাম-এর নাম নির্বাচনী প্রতিবেদনে থাকলেও অনুমোদিত গভার্ণিং বডিতে তাদের নাম উল্লেখ নেই। নথি পর্যালোচনায় দেখা যায়, অভিযোগকারী প্রিজাইডিং অফিসার কর্তৃক স্বাক্ষরিত যে নির্বাচনী প্রতিবেদন দাখিল করেছেন সেটিতে অভিভাবক সদস্য হিসেবে জনাব নজরুল ইসলাম এবং শিক্ষক প্রতিনিধি হিসেবে জনাব নুরুল ইসলাম-এর নাম আছে। কিন্তু প্রতিষ্ঠান প্রধান গভার্ণিং বডি অনুমোদনের জন্য যে প্রতিবেদন দাখিল করেছেন সেটিতে জনাব নজরুল ইসলামের স্থলে জনাব হারুন গাজী এবং নুরুল ইসলাম-এর স্থলে জনাব মোঃ মোখলেছুর রহমান-এর নাম উল্লেখ আছে। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দাখিলকৃত নির্বাচনী প্রতিবেদন অনুযায়ী গভার্ণিং বডি অনুমোদন দেয়া হয়েছে বিধায় অনুমোদিত কমিটিতে অভিযোগকারী কর্তৃক উল্লিখিত ০২জন ব্যক্তির নাম নেই। একই প্রতিষ্ঠানের একই গভার্ণিং বডির নির্বাচনের ০২টি নির্বাচনী প্রতিবেদন থাকার বিষয়টি বোধগম্য নয়।

এমতাবস্থায়, প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দাখিলকৃত নির্বাচনী প্রতিবেদন ও তৎকালীন সংসদ সদস্য কর্তৃক প্রেরিত ডিও লেটারের সঠিকতা যাচাইসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক গভার্ণিং বডির নির্বাচনের প্রিজাইডিং অফিসারকে তদন্তকারী কর্মকর্তা হিসেবে অন্তর্ভুক্ত না করে একটি সুস্পষ্ট মতামতসহ একটি তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



২২-০৪-২০২৪
প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
০২-৯৬১২৮৫৮ (ফোন)
০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)
info@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৮.২৩.৬০২৩/১(৮)

তারিখ: ৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, বরিশাল;
- ৩। উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, উপজেলা শিক্ষা অফিস, বাকেরগঞ্জ, বরিশাল;
- ৪। সভাপতি, গভার্ণিং বডি, পশ্চিম শ্যামপুর বিরাঙ্গাল মোহাম্মদিয়া আলিম মাদ্রাসা, বাকেরগঞ্জ, বরিশাল;
- ৫। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, পশ্চিম শ্যামপুর বিরাঙ্গাল মোহাম্মদিয়া আলিম মাদ্রাসা, বাকেরগঞ্জ, বরিশাল;
- ৬। জনাব মোঃ মোঃ শামীম হাওলাদার (অভিযোগকারী), গ্রাম - শ্যামপুর, ইউনিয়ন- রঞ্জাশ্রী, থানা- বাকেরগঞ্জ, জেলা- বরিশাল;
- ৭। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৮। অফিস কপি (নথি নম্বর: ০১)।



২২-০৪-২০২৪
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার

সকল সংযুক্তিসমূহ:

- (১) অভিযোগকারীর জাতীয় পরিচয়পত্রের কপি
- (২) রেজিস্ট্রার বরাবর আবেদন
- (৩) অভিযোগ সংক্রান্ত কাগজপত্রের কপি